

নটর ডেম বিশ্ববিদ্যালয়ে মাইক্রোবায়োলজি অলিম্পিয়াড অনুষ্ঠিত



ছবি: সমকাল

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০২ ডিসেম্বর ২০২৪ | ১৮:৪৯



মাইক্রোবায়োলজির সম্ভাবনা ও প্রয়োগের ওপর গুরুত্বারোপ করে নটর ডেম বিশ্ববিদ্যালয় বাংলাদেশ (এনডিইউবি) ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে মাইক্রোবায়োলজি অলিম্পিয়াড-২০২৪। সোমবার রাজধানীর মতিঝিলে অবস্থিত বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি বিভাগ আয়োজিত অনুষ্ঠান বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী এবং বিজ্ঞানীরা অংশ নেন। পুরো আয়োজনে মিডিয়া পার্টনার হিসেবে ছিলো 'দৈনিক সমকাল', 'কালবেলা' এবং 'এনটিভি'। এছাড়া আয়োজনের সহযোগিতায়

ছিলো ‘বাংলাদেশ সোসাইটি অব মাইক্রোবায়োলজিস্টস’, ‘ইনভেন্ট টেকনোলজিস’, ‘প্যারাসাইট সায়েন্টিফিক কো.’, ‘ইন্টারসায়েন্স টেকনোলজিস লিমিটেড’, ‘লজিক ল্যাব সলিউশন’ এবং ‘নেসলে বাংলাদেশ পিএলসি’।

অলিম্পিয়াডে ৫৬টি কলেজ ও এ-লেভেল স্কুল এবং নয়টি বিশ্ববিদ্যালয় থেকে মোট ২২২ জন শিক্ষার্থী ও ১৬ জন শিক্ষক অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের বিভিন্ন পর্যায়ে ছিল অতিথিদের বক্তব্য, প্রতিযোগিতা এবং ল্যাব ভ্রমণের মতো আকর্ষণীয় কার্যক্রম।

অলিম্পিয়াডে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. ফাদার প্যাট্রিক ড্যানিয়েল গ্যাফনি বলেন, ‘মাইক্রোবায়োলজি এমনকিছু দেখতে সাহায্য করে যা খালি চোখে দেখা যায় না। মাইক্রোঅর্গানিজম (ক্ষুদ্র জীব) আমাদের জন্য কখনও উপকারী, আবার কখনও ক্ষতিকর হতে পারে। মানুষের কল্যাণে এগুলোকে নিয়ন্ত্রণ করা আমাদের দায়িত্ব। ভ্যাকসিনের উদ্ভাবনই প্রমাণ করে যে, মাইক্রোবায়োলজি কীভাবে জীবাণুর বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করছে। এই ক্ষেত্রটি প্রতিনিয়ত উন্নত হচ্ছে।’

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ড. ফাদার চার্লস বি. গর্ডন বলেন, মাইক্রোস্কোপে একটি কোষ দেখলে আপনি পুরো একটি মহাবিশ্ব দেখতে পাবেন। এই পর্যবেক্ষণ আমাদের মাইক্রোবায়োলজির বিস্ময়কর জগতে আরও গভীরভাবে প্রবেশের অনুপ্রেরণা দেয়।

আইসিডিডিআরবি-এর সিনিয়র বিজ্ঞানী ড. মুনিরুল আলম মাইক্রোবায়োলজির বিস্তৃত প্রয়োগ সম্পর্কে আলোচনা করেন। তিনি বলেন, চিকিৎসা ব্যবস্থা থেকে খাদ্য নিরাপত্তা এবং পরিবেশগত স্বাস্থ্য পর্যন্ত মাইক্রোবায়োলজির ভূমিকা অপরিসীম। এটি মানুষের অগ্রগতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন মাইক্রোবায়োলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শহীদুল কবির। এরপর ছিল কুইজ, থিসিস প্রেজেন্টেশন, ল্যাব ভ্রমণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠান। সবশেষে পুরস্কার বিতরণ এবং ডেপুটি রেজিস্ট্রার ফাদার অসীম থিওটোনিয়াস গনসালভেসের সমাপনী বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।